

বড় ধরনের দুর্ঘটনার আশংকা স্কুল ভবন ব্যবহারের অনুপযোগী ঝুঁকি নিয়ে ছাত্ররা ক্লাস করছে

॥ আমিনুল হক বারুল ॥

জয়পুরহাট, ৩০শে জুলাই। - জয়পুরহাট জেলার প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান পাঁচবিবি লালবিহারী সরকারি উচ্চ বিদ্যালয়ের দু'টি ভবনই ব্যবহারের সম্পূর্ণ অনুপযোগী হয়ে পড়েছে। দোতলা ও একতলা উভয় ভবনের ছাদে দীর্ঘ ফাটল এবং ছাদের প্রাস্তার খসে পড়ছে। ভবনের বিমের অধিকাংশ স্থানে লম্বালম্বি দীর্ঘ ফাটল দেখা দিয়েছে। সরকারি তদন্ত রিপোর্টে 'ভবন দু'টি ব্যবহারের সম্পূর্ণ অনুপযোগী, ঝুঁকিপূর্ণ ও যেকোন মুহূর্তে দুর্ঘটনা ঘটান সমূহ আশংকা'র কথা উল্লেখ করা হলেও এখানেই গাদাগাদি করে ছাত্রদের ক্লাস নিতে শিক্ষকগণ বাধ্য হচ্ছেন। অবস্থা এমন দাঁড়িয়েছে, যেকোন মুহূর্তে ঐতিহ্যবাহী এই প্রাচীন বিদ্যালয়টি ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের ছাদ ধসে পড়া ও প্রাণহানির মতো দুর্ঘটনা ঘটতে পারে।

গত বছরের ভূমিকম্প ভবনের ছাদ ও দেয়ালে ফাটলের সৃষ্টি হয় (এ বিষয়ে দৈনিক 'সংবাদ'-এ খবর প্রকাশিত

হয়েছিল)। বিদ্যালয়ের পশ্চিমের দোতলা দীর্ঘ ভবনটি ইট-সুরকির গাঁথুনি দিয়ে নির্মাণ করা হয়েছিল। পরবর্তীকালে উপরতলা ঢালাই করে নির্মাণ করা হয়। বর্তমানে উভয় ভবনের ছাদের রডে মরিচা ধরেছে। প্রাস্তার খসে পড়ছে। ছাদে ফাটল দেখা দিয়েছে। প্রবল বর্ষণে ছাদ চুইয়ে পানি পড়ে ভেতরে। দোতলার ছাদটি নিচতলার চেয়েও বিপজ্জনক। ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে দোতলাসহ উভয় ভবন। বিদ্যালয়ের ২/৩টি কক্ষে গাদাগাদি করে ক ও খ বিভাগ একত্রে করে ক্লাস করানো হচ্ছে ঝুঁকির মধ্যে। পূর্ব ভবনের ৯টি কক্ষের মধ্যে মাত্র ১টিতে ক্লাস চালাতে হচ্ছে। 'ছাত্রদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে' বলে শিক্ষকেরা জানালেন। তবে নিরুপায় হয়েই তারা ঝুঁকি নিয়ে ক্লাস নিচ্ছেন ও সব বিপজ্জনক কক্ষে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এই প্রতিনিধিকে জানান, বিদ্যালয় ভবনের বিষয়ে জয়পুরহাট জেলা প্রশাসকের গঠিত 'তদন্ত কমিটির রিপোর্ট' সম্পর্কে সংশ্লিষ্ট মহল এখনো কোন পদক্ষেপ নেননি।

বিপজ্জনক ও ঝুঁকিপূর্ণ ভবনে পাঁচ শতাধিক ছাত্রের লেখাপড়া ঠিকমতো হচ্ছে না ক্লাসরুমের অভাবে। অভিভাবকগণও সন্তানদের নিয়ে দুর্ভিক্ষগ্রস্ত হয়ে পড়েছেন।